শাবিতে আজীবন বহিষ্কারসহ বিভিন্ন মেয়াদে সাজা ৩০ শিক্ষার্থীর

যুগান্তর

# শাবিতে আজীবন বহিষ্কারসহ বিভিন্ন মেয়াদে সাজা ৩০ শিক্ষার্থীর

শাবি প্রতিনিধি

২৩ মার্চ ২০২৩, ২২:৪০:২৫ | অনলাইন সংস্করণ




র‍্যাগিং, যৌন নিপীড়ন এবং বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার অপরাধে বিভিন্ন মেয়াদে শাস্তি পেয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভিন্ন শিক্ষাবর্ষের প্রায় ৩০ জন শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের ২২৭তম সিন্ডিকেট সভায় এসব বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বৃহস্পতিবার (২৩ মার্চ) বিকালে বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

তিনি বলেন, বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকায় দোষীদের বিভিন্ন মেয়াদে শাস্তি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে সভায়।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান বলেন, শৃঙ্খলা ভঙ্গের দায়ে এবং একাধিক অপরাধের অভিযোগে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ২০১৬-১৭ সেশনের জীবন চন্দ্র সেনকে আজীবন বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এছাড়া যৌন হয়রানির অভিযোগে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৫-১৬ সেশনের তাসফিকুল হক নামের এক শিক্ষার্থীকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে।

এদিকে র‍্যাগিংয়ের অভিযোগে মোট ১৬ জন শিক্ষার্থীকে হল থেকে শিক্ষাকালীন বহিষ্কার এবং সব হলে প্রবেশে নিষেধ করা হয়েছে।

বহিষ্কৃতরা হলেন- ব্যবসায় প্রশাসন (বিবিএ) বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী মো. পাপন মিয়া, মো. রিয়াজ হোসেন, পায়েল আহমদ, মো. খালেদ সাইফুল্লাহ, রামিম আহমদ, মো. রাকিব হোসেন, অশেষ চাকমা, সৌরভ নাথ, শরিফুল ইসলাম, অনিক দাস, মো. ফাহিম মিয়া, নয়ন চন্দ্র দে, মো. তোহা মিয়া, মো. আশিক হোসেন, মো. আল আমিন ও মো. আপন মিয়া।

তাদের স্ব স্ব হল থেকে বহিষ্কারের পাশাপাশি সব হলে প্রবেশ নিষিদ্ধের সিদ্ধান্ত গ্রহণ এবং এছাড়াও পরবর্তীতে যেকোনো শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত হলে কঠোর শাস্তি প্রদান করা হবে মর্মে নোটিশ দেওয়া হবে বলে জানান রেজিস্ট্রার।

এছাড়াও পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় বিভিন্ন বিভাগের বিভিন্ন শিক্ষাবর্ষের মোট ১২ জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে শাস্তি দেওয়া হয়েছে বলে জানান তিনি।

---

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2023

X